# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৭৩/২০১৭/১৫০৬৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

টগড়া দারুল ইসলাম কামিল মডেল মাদরাসা, ডাকঘর: পাড়েরহাট, উপজেলা: ইন্দুরকানী, জেলা: পিরোজপুর-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৫-০৪-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে **০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯** তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিল ও কামিল স্তরে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে;
২. সকল শ্রেণিতে শিক্ষার্থীর পড়াশোনার মানোন্নয়নে উদ্যোগ গ্রহণ করতে হবে;
৩. লাইব্রেরি পরিচ্ছন্ন রাখাসহ পড়াশোনার পরিবেশ সৃষ্টি করতে হবে;
৪. মাদরাসার আয় ও ব্যয়ের হিসাব যথাযথভাবে কলামনার ক্যাশ বইয়ে লিপিবদ্ধ করতে হবে;
৫. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আইন, বিধি, সংবিধি, নীতিমালা ও নির্দেশনা মেনে চলতে হবে;
৬. প্রতি তিনমাস পর পর অভিভাবক সমাবেশ করত: শিক্ষকদের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নে নিয়মিত মতবিনিময় সভা করতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৮. আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. কম্পিউটার ল্যাব, সিসি টিভি, ডিজিটাল হাজিরার ব্যবস্থাসহ তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ করতে হবে;
১১. মাদরাসার মূল ফটক ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি উল্লেখ করত: ক্লাসের নামপ্লেটে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসা ও শ্রেণিকক্ষের নাম উল্লেখ করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পূনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/০৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

টগড়া দারুল ইসলাম কামিল মডেল মাদরাসা
ডাকঘর: পাড়েরহাট, উপজেলা: ইন্দুরকানী, জেলা: পিরোজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৭৩/২০১৭/১৫০৬৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, টগড়া দারুল ইসলাম কামিল মডেল মাদরাসা, ডাকঘর: পাড়েরহাট, উপজেলা: ইন্দুরকানী, জেলা: পিরোজপুর।
৭. অফিস নথি।

19.08.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫